দৈনিক সংবাদ

তারিখ JAN 15 2000
পৃষ্ঠা ৭ কলাম ৫

24

রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ

# অনার্স পার্ট-৩ পরীক্ষা পেছানোর দাবিতে বিক্ষোভ মিছিল

ফরিদপুর থেকে জেলা বার্তা পরিবেশকঃ রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্রছাত্রীরা অনার্স পার্ট-৩ পরীক্ষা পেছানোর দাবিতে গত ৪ঠা জানুয়ারি এক বিক্ষোভ মিছিলসহ শহরের প্রধান প্রধান সড়ক অতিক্রম করে। ঐদিন সকালে মুজিব সড়কে ফরিদপুর প্রেসক্লাবের সামনে বিক্ষোভকারী ছাত্রছাত্রীরা টায়ারে আগুন ধরিয়ে দেয় এবং বোমা ফাটায়।

বিক্ষোভকারীরা সমাবেশও করে। সমাবেশ থেকে বক্তারা আগামী ২৪শে জানুয়ারি থেকে অনুষ্ঠেয় পরীক্ষা পিছিয়ে মার্চের শেষ সপ্তাহে নির্ধারণ করার দাবি জানান। তারা আরো বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক হঠাৎ করে ঘোষিত আগামী ২৪শে জানুয়ারি তারিখে অনুষ্ঠেয় পরীক্ষা তারা মেনে নিতে পারেন না। কেননা ১৯৯৭ সালের অনার্স পার্ট-৩ পরীক্ষার ফলাফল বের হয়েছে মাত্র গত সপ্তাহে। ফলে যারা ফেল করেছে কিংবা ইমপ্রুভমেন্ট পরীক্ষায় অংশ নেবে, তাদের পক্ষে এক মাসের প্রস্তুতি নিয়ে পরীক্ষা দেয়া সম্ভব নয়।

ছাত্ররা বলেন, মৌখিক আশ্বাস দিয়েও পরীক্ষা পিছিয়ে না দিয়ে ভিসি তাদের সাথে প্রতারণার আশ্রয় নিয়েছেন। তারা আরো বলেন, প্রয়োজনে তারা জীবন দেবেন, তবুও দাবি আদায় না হওয়া পর্যন্ত রাজপথ ছাড়বেন না।